

যায়যায়দিন

তারিখ .. SEP.. 3 2006 ..

পৃষ্ঠা ৩ কলাম ৬

এবতেদায়ি মাদ্রাসাগুলোকে রেজিস্ট্রেশনের আওতায় আনা হচ্ছে : শিক্ষামন্ত্রী

যাযায়দি রিপোর্ট

স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাগুলোকে বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের মতো রেজিস্ট্রেশনের আওতায় আনা হচ্ছে। এ জন্য এরই মধ্যে একটি নীতিমালা প্রণয়নের কাজ শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক গতকাল মঙ্গলবার মাদ্রাসা শিক্ষক সমিতির সম্মেলন ২০০৬-এ প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান।

ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত সম্মেলনে মন্ত্রী বলেন, নীতিমালার মাধ্যমে এবতেদায়ি মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন ক্ষেত্রে অন্তর্ভুক্ত করার বিষয়টিও প্রক্রিয়াধীন। এর ফলে মাদ্রাসাগুলোতে শূন্যপদে শিক্ষক নিয়োগে বাধা দূর হবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন। সম্মেলনে অন্যান্যের মধ্যে তথ্য উপমন্ত্রী আবদুস সালাম পিটু, যুবদের সাধারণ সম্পাদক সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলল এমপি, শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আহ্বায়ক অধ্যক্ষ সেলিম উইয়া বক্তব্য রাখেন।